ফ্যাসিবাদী শাসন শিক্ষা ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনে দেশের গণতান্ত্রিক ও রাজনৈতিক অধিকার ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি শিক্ষা ব্যবস্থাও ধ্বংসের মুখে পড়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (৭ জুন) বেলা সাড়ে ১১টার দিকে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মমুখী শিক্ষা অন্তর্ভুক্তিকরণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে দেশের শিক্ষা কাঠামো পরিকল্পিতভাবে দুর্বল করা হয়েছে, যার প্রভাব এখনো বিভিন্ন স্তরে দেখা যাচ্ছে।

অনুষ্ঠানে শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী ও কর্মমুখী করার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

LENS ASIA